

**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)**  
**টঙ্গী শাখা, টঙ্গী, গাজীপুর।**

**অর্থঝণ আদালত আইন ২০০৩-এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, টঙ্গী শাখা, ঠিকানা- ১৮, এস কে মান্নান টাওয়ার, চেরাগ আলী, টঙ্গী, গাজীপুর এর ঋণগ্রাহীতা ১) মোঃ মনু মির্য়া, পিতাঃ আব্দুল মান্নান মোল্লা এবং ২) মোঃ মাসুম মোল্লা, পিতাঃ মোঃ মনু মির্য়া উভয় এর আবাসিক ঠিকানাঃ বাসা-৮২/এফ, ইউনুস আলী সরকার রোড, ডাকঘর- মনু নগর, থানা- টঙ্গী, জেলা- গাজীপুর কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোতার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রাহীতাদ্বয় মঙ্গলীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২১/১১/২০২৩ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ১২,১৬,২৩৬.৫৩ টাকা (বার লক্ষ ষোল হাজার দুইশত ছত্রিশ টাকা তিল্পান পয়সা) মাত্র সহ অন্যান্য আনুসংক্ষিক খরচ ও আদায়কালাতক সুদ আদায়ের নিমিত্ত তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী দাতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে হায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলনোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তির তফসিল**

মৌজা- আরিচপুর, সাব-রেজিস্ট্রি অফিস- টঙ্গী, থানা- টঙ্গী, জেলা- গাজীপুর এর জে. এল. নংঃ সি.এস. এবং এস.এ.- ১৩১, আর.এস.- ৪৯ ; দাগ নংঃ সি. এস. এবং এস.এ.- ১০১, আর.এস.- ৪০৮; বি.এস.- ১১৬৪; খতিয়ান নংঃ সি. এস.- ৬০, এস.এ.- ১১১, আর.এস.- ৫২, ডি.পি.- ১৯০৬; জোত নং- ৩৩৪২, মিউনিসিপ্যাল হোল্ডিং নং- ৮২/এফ, ৮.২৫ শতাংশ জমির উপর অবস্থিত ৬ তলা ভবন। যাহার চৌহদিঃ পূর্বে- মিউনিসিপ্যাল সড়ক, দক্ষিণে- আব্দুল কাদির, পশ্চিমে-আব্দুল কাদিরের বিক্রিত জমি, উত্তরে- মোহাম্মদ আলী।

**নিলামের শর্তাবলী ৪-**

- ১। আগামী ২১/১১/২০২৩ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, টঙ্গী শাখা, টঙ্গী, গাজীপুর এ রাখিত বাস্তে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৮.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, টঙ্গী শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নবাঁই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াশ্ব হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাতার জামানত বাজেয়াশ্ব হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- ৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রহ্য করিতে পারিবেন।
- ৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/সৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, টঙ্গী শাখা, টঙ্গী, গাজীপুর।